অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের সপ্তম রাউন্ড এবং NY ফরোয়ার্ড কর্মসূচির দ্বিতীয় রাউন্ডের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্কের বিজয়ীদের নাম ঘোষণা করলেন

অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংস যৌথভাবে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে; ক্যানাস্টোটা এবং ব্রিউয়ারটন উভয়ে NY ফরোয়ার্ড থেকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ অর্থনৈতিক উন্নয়ন এবং কমিউনিটির সমৃদ্ধি সংক্রান্ত স্টেটের সমন্বিত কৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ

100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি নিউ ইয়র্কের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থনে সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) সপ্তম রাউন্ডের সেন্ট্রাল নিউ ইয়র্ক বিজয়ী হিসেবে অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংস যৌথভাবে 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে, এবং সেই সাথে এই বছরের সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের NY ফরোয়ার্ড (NY Forward) বিজয়ী হিসেবের ক্যানাস্টোটা এবং ব্রিউয়ারটন উভয়ে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রাউন্ড 7 এ, স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত এলাকায় রূপান্তরিত করার মাধ্যমে সম্প্রদায়গুলিকে তাদের অর্থনীতি বলীয়ান করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে মোট 100 মিলিয়ন ডলার তহবিল ও বিনিয়োগের প্রতিশ্রুতি দান করে।

সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ কমিউনিটিসমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করার জন্য DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে, যেখানে কৌশলী পরিকল্পনা ও প্রকল্পের তাৎক্ষণিক বাস্তবায়ন একত্রিত করা হয়।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড (NY Forward) উভয়ের জন্য গভর্নরের গত বছরের 100 মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতির পর, স্টেট এখন কর্মসূচি দুইটির সূচনার পর থেকে সম্মিলিত মোট 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।গভর্নর তার অর্থবছর 2025 এর নির্বাহী বাজেটে উভয় কর্মসূচির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার করে, মোট আরো 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা পেশ করেছেন।

"নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউনসমূহ হলো আমাদের সম্প্রদায়সমূহের জীবনীশক্তি," **গভর্নর হোকল বলেন।** "আজকে ঘোষিত অর্থায়ন আমাদের ডাউনটাউনকে উত্থিত করতে এবং আরো উত্তম নিউ ইয়র্ক গঠনে আমাদের প্রতিশ্রুতির সমর্থনে অনেক সাহায্য করবে।"

অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংসের জন্য ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার

গত বছর স্বতন্ত্রভাবে NY ফরোয়ার্ডের জন্য আবেদন করার পর, অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংস তাদের ক্যাইয়ুগা লেক সংলগ্নে অবস্থিত কাছাকাছি তিনটি ডাউনটাউনকে একত্রিত করে একটি সামগ্রিক এবং পারস্পরিক সমর্থনমূলক DRI আবেদন করার উদ্ভাবনী পন্থা গ্রহণ করেছে, যার শিরোনাম ছিলো "ক্যাইয়ুগা কাউন্টির কোয়াইন্ট লেকসাইড ভিলেজ করিডোর (Cayuga County's Quaint Lakeside Village Corridor)"।সম্মিলিত আবেদন, এবং সনাক্ত করা প্রকল্পসমূহ ক্যাইয়ুগা লেকের উত্তরপূর্ব দিকের সংলগ্নে একটি আন্তঃসংযুক্ত পর্যটন করিডোর তৈরি করবে, এবং একই সাথে প্রতিটি স্বতন্ত্র সম্প্রদায়ে অনুঘটকমূলক রূপান্তর অর্জন করবে।ক্যাইয়ুগা কাউন্টি পরিকল্পনা বিভাগের (Cayuga County Planning Department) সহায়তা এবং উল্লেখজনক জনমত গ্রহণ করে সনাক্ত করা প্রকল্পসমূহ উন্নত লেক অ্যাক্সেস, হাঁটার উপযুক্ত এলাকা, বৈচিত্র্যময় খুচরা বিক্রি ও চাকরি তৈরি, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক সুযোগ, লজিং এবং আবাসনের মাধ্যমে পর্যটন ও ব্যবসায়িক লক্ষ্যসমূহকে উন্নত করবে।তিনটি গ্রাম দৃঢ়ভাবে বিশ্বাস করে যে সফল ও রূপান্তরমূলক পুনরুজ্জীবন ও বিকাশ অর্জন করতে অঞ্চল ও করিডোরের জন্য সকল পর্যায়ে সহযোগিতামূলক কাজ অব্যাহত রাখা প্রয়োজন।

10 মিলিয়ন মার্কিন ডলার DRI অনুদান থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংস তাদের ডাউনটাউনসমূহকে পুনর্জীবিত করার জন্য একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা তৈরির কাজ যৌথভাবে শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলী বিনিয়োগ পরিকল্পনাটি পুনরুজ্জীবন প্রকল্পসমূহে DRI অনুদান তহবিলের বিনিয়োগের নির্দেশিকা হিসেবে কাজ করবে যা নিজেদের ডাউনটাউনের জন্য সম্প্রদায়ের ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে কাজে লাগবে এবং তার সম্প্রসারণ করবে। DRI এর সপ্তম রাউন্ডের পরিকল্পনাগুলো 2024 সালে সম্পন্ন হবে।

ক্যানাস্টোটা এবং ব্রিউয়ারটনের জন্য NY ফরোয়ার্ড থেকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার

এর ঐতিহাসিক গ্রাম, বক্সিং হল অফ ফেমের নিকটে অবস্থান করা এবং অতীতের বিনিয়োগ নিয়ে ক্যানাস্টোটা গ্রাম প্রদর্শন করেছে যে তারা NY ফরোয়ার্ড অর্থের মাধ্যমে রূপান্তরমূলক বিকাশের জন্য তৈরি।গ্রামটিতে প্রচুর বিনোদনমূলক সুযোগ রয়েছে, যেমন একটি ব্যাপক ট্রেইল সিস্টেম যা এম্পায়ার স্টেট ট্রেইলের মতন অন্যান্য একাধিক ট্রেইলকে ছেদ করে, যা ক্যানাস্টোটাকে সেন্ট্রাল নিউ ইয়র্কের সর্বাধিক হাঁটার উপযুক্ত এবং ঘরের বাইরের বিনোদনবান্ধব সম্প্রদায়ের একটি করে তুলেছে।এছাড়াও গ্রামটি একাধিক কলেজ, থ্রুওয়ে এক্সিট এবং সিরাকিউজ এবং ইউটিকা মেট্রোপলিটন বাজারের কাছাকাছি একটি আদর্শ অবস্থানে অবস্থিত।সনাক্ত করা NY ফরোয়ার্ড প্রকল্পসমূহ এইসব সম্পদকে কাজে লাগবে এবং গ্রামটির গ্রামীণ নান্দনিকতা এবং ইরি ক্যানালের ঐতিহ্যকে উন্নত করবে।

হ্যাস্টিংস, সিসেরো টাউনের ডাউনটাউন ওয়াটারফ্রন্ট নিয়ে গঠিত এবং ওনিডা রিভারের উভয় পাশে অবস্থান করা ব্রিউয়ারটন হ্যামলেট একটি যৌথ, পারস্পরিক সমর্থনমূলক আবেদনে সহযোগিতা করতে দুইটি টাউনকে একত্রিত করার সুযোগকে বরণ করে নিয়েছে, তারা উভয়েই গত বছর পৃথকভাবে আবেদনপত্র জমা দিয়েছিলো।মাইক্রন সেমিকন্ডাক্টর সাইটের সাথে উভয় সম্প্রদায়ের নিকটবর্তীতার কারণে, NY ফরোয়ার্ড বিনিয়োগসমূহকে আগামী বছরগুলিতে নতুন বাসিন্দা, পর্যটক ও ব্যবসাসমূহকে স্বাগত জানানোর মাধ্যমে মাইক্রনের (Micron) প্রদত্ত সুযোগ ও চ্যালেঞ্জ সমাধান করার জন্য উদ্দেশ্য প্রণোদিত, কৌশলী এবং সহযোগিতামূলক পরিকল্পনা ও বিকাশের প্রথম ধাপ হিসেবে দেখা হচ্ছে।"ওনিডা লেকের গেটওয়ে" হিসেবে পরিচিত ব্রিউয়ারটন পানিভিত্তিক বিনোদনমূলক সুযোগের একটি ভাণ্ডার প্রদান করে।সনাক্ত করা প্রকল্পসমূহ স্ট্রিটস্কেপের হাঁটার উপযোগিতা এবং ওয়াটারফ্রন্টসমূহের মধ্যকার সংযোগকে উন্নত করবে, এবং ফলে রেস্টুরেন্ট, পার্ক, বিনোদন, প্যাডলিং এবং পার্কের অ্যাক্সেস বৃদ্ধি করবে।এইসব সরকারি বিনিয়োগ ভবিষ্যতের বেসরকারি খাতের বিনিয়োগের ভিত্তি স্থাপন করে দিবে যা ডাউনটাউনে আরো ব্যবসা ও ইভেন্টকে আকৃষ্ট করবে এবং মাইক্রনের কারণে যেই এলাকায় চাহিদা দ্রুত বৃদ্ধি পাবে সেখানে আরো স্মার্ট প্রবৃদ্ধির বিকাশের ব্যবস্থা করবে।

ক্যানাস্টোটা এবং ব্রিউয়ারটন/হ্যাস্টিংস এখন তাদের ডাউনটাউনসমূহকে পুনর্জীবিত করার জন্য যৌথভাবে একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা তৈরি শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ডের মাধ্যমে প্রদত্ত সমর্থনের কারণে এবং নিজেদের ডাউনটাউনকে উজ্জ্বল ও অনুপ্রেরণাদায়ক একটি বাস্তবে পরিণত করার ভিশন তৈরি করা সম্প্রদায়ের সদস্যদের নিবেদনের কারণে আমাদের মূল্যবান ঐতিহাসিক ডাউনটাউনগুলি আরেকবার শক্তি, প্রাণোচ্ছলতা এবং প্রাণশক্তিতে ভরপুর হয়ে উঠছে।এই কর্মসূচিগুলি পুনরুজ্জীবনের একটি ঢেউ তৈরি করে দিয়েছে যা পুরো স্টেটকে প্রভাবিত করছে, এবং একই সাথে সেই প্রক্রিয়ায়

অর্থনৈতিক সুযোগ, জীবনযাত্রার মান, স্বাস্থ্য, পর্যটন, আর্থসামাজিক সমতা এবং সম্প্রদায়ের স্থিতিস্থাপকতাকে উন্নত করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এইসব অভীষ্ট এবং অগ্রগামী চিন্তার পরিকল্পনাসমূহ সুযোগের দিক দিয়ে উচ্চাকাঙ্ক্ষী এবং এগুলি মহান সব নিউ ইয়র্ক সম্প্রদায়ের ঐতিহাসিক অতীত এবং প্রতিশ্রুতিশীল ভবিষ্যতকে সম্পূর্ণরূপে কাজে লাগাচ্ছে। DRI এবং NY ফরোয়ার্ড অর্থায়ন এইসব এলাকায় অর্থনৈতিক বিকাশ প্রয়াসের অনুঘটক হিসেবে কাজ করবে যা সুযোগ বিস্তৃত করবে এবং আগামী বছরগুলিতে পর্যটকদের আকৃষ্ট করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ক্যানাস্টোটা, ব্রিউয়ারটন এবং অরোরা/ক্যাইয়ুগা/ইউনিয়ন স্প্রিংসের জন্য আজকের অর্থদান বিদ্যমান সম্প্রদায়ের সম্পদের ভিত্তিতে অগ্রসর হবে এবং অবশ্যই বেড়াতে যেতে হবে এমন একটি বিনোদনমূলক গন্তব্য এবং বসবাস ও কাজ করার একটি দারুণ স্থান হিসেবে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের বিকাশে সাহায্য করবে। এইসব উপযুক্ত মিউনিসিপ্যালিটিতে স্টেটের বিনিয়োগ ব্যবসায়িক বিকাশ, একটি বিকাশমান কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য নতুন আবাসন সুযোগ, এবং আরো হাঁটার উপযুক্ত ডাউনটাউন জেলা তৈরিকে উৎসাহিত করবে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ডের মাধ্যমে, গভর্নর হোকল নিউ ইয়র্কের এলাকাসমূহে শক্তি সঞ্চার করছেন এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি আরো বলীয়ান, নিরাপদ, ও সাশ্রয়ী ভবিষ্যৎ তৈরি করছেন।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "1825 সালে খুলে দেওয়ার পর থেকে ইরি ক্যানাল পুরো নিউ ইয়র্কজুড়ে কয়েকশত ক্যানালের পাশের সম্প্রদায়ের প্রবৃদ্ধি এবং অব্যাহত সমৃদ্ধিকে সমর্থন করেছে, যার মধ্যে ক্যানাস্টোটা গ্রাম এবং ব্রিউয়ারটন হ্যামলেট রয়েছে। আমরা 2025 সালে ইরি ক্যানালের দ্বিশতবার্ষিকী উদযাপন করার প্রস্তুতি নিচ্ছি এবং ক্যানালের কর্মকাণ্ডের তৃতীয় শতকের জন্য অপেক্ষা করছি, এই সময় NY ফরোয়ার্ডের মাধ্যমে করা কৌশলী বিনিয়োগ এইসব সম্প্রদায়কে তাদের বিশেষ ইতিহাসকে কাজে লাগানোর সুযোগ প্রদান করে, ওয়াটারফ্রন্ট এবং ট্রেইলের অ্যাক্সেস উন্নত করে যাতে আগামী প্রজন্মের বাসিন্দাদেরকে বিশ্বাস, কাজ, এবং বিনোদনের একটি দারুণ স্থান প্রদান করা যায়।"

স্টেটের সিনেটর র‍্যাচেল মে বলেন, "একাধিক সেন্ট্রাল নিউ ইয়র্ক টাউন যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড থেকে তহবিল পাওয়ার জন্য নির্বাচিত হয়েছে তা দারুণ একটি সংবাদ। এই বিনিয়োগগুলি এইসব টাউনের কেন্দ্রকে পুনর্জীবিত করবে, কর্মসংস্থান সৃষ্টি, বাসিন্দাদের ধরে রাখা, ব্যবসায়িক সুযোগ উন্নত করা, এবং হাঁটার উপযোগিতা ও বাইসাইকেল অ্যাক্সেস উন্নত করার মাধ্যমে সকলের জন্য জীবনযাত্রার মান উন্নত করবে। এই প্রকল্পে কাজের জন্য এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রতি অব্যাহত সমর্থনের জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ।"

স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "আমি বরাবরই ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচিকে সমর্থন করে এসেছি এবং 50তম সিনেট জেলা এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে এগুলি যেই সুপরিকল্পিত মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিয়ে এসেছে তার জন্য আমি গর্বিত। হ্যাস্টিংস এবং সিসেরোতে স্থানীয় নেতৃবৃন্দের চিন্তাশীল সহযোগিতার আমি প্রশংসা করছি, মাইক্রন সাইটের সাথে এদের নিকটবর্তীতার জন্য এখানে স্মার্ট প্রবৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নত করার জরুরি পরিকল্পনা আবশ্যিক, বিশেষ করে ওনিডা রিভারের ওয়াটারফ্রন্ট এলাকায়। আমাদের অঞ্চলের প্রতি গভর্নর ক্যাথি হোকলের দীর্ঘদিনের প্রতিশ্রুতি এবং আরো প্রাণবন্ত ও সমৃদ্ধ নিউ ইয়র্ক গঠন করার জন্য তার ভিশন ও অংশীদারিত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "সাবেক মেয়র হিসেবে, পুরো স্টেটে স্থানীয় সরকারসমূহ যেসব সমস্যার সম্মুখীন হয় তা আমি জানি। এই তহবিল ক্যানাস্টোটা সম্প্রদায়কে উন্নত ও বলীয়ান করবে এবং তাদেরকে আরো উজ্জ্বল একটি ভবিষ্যৎ পাওয়ার অবস্থানে স্থাপন করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেন, "NY ফরোয়ার্ড কর্মসূচিতে ক্যানাস্টোটার সফল আবেদনের পর তাদেরকে 4.5 মিলিয়ন মার্কিন ডলার পেতে দেখে আমি খুশি। অর্থায়নের দ্বিতীয় রাউন্ডের জন্য আজকের ঘোষণা অনেক কিছু আমূলে পরিবর্তন করে দিবে, প্রাণবন্ত একটি সম্প্রদায়ের জন্য তাদের নিবেদনের ক্ষমতায়ন করবে এবং একই সাথে সকল বাসিন্দার জন্য অর্থনৈতিক, বিনোদনমূলক, এবং জীবনযাত্রার সার্বিক মানকে উন্নত করবে। গ্রামের ঐতিহাসিক ইরি ক্যানাল নান্দনিকতাকে বজায় রেখেই তারা এটি অর্জন করার অবস্থানে রয়েছে। নিজেদের বাসিন্দাদের পক্ষে নিজেদের সম্প্রদায়কে বলীয়ান করার জন্য অতি গুরুত্বপূর্ণ তহবিল পেতে নিরলস প্রচেষ্টার জন্য এইসব মিউনিসিপ্যালিটি প্রশংসার যোগ্য। গভর্নর ক্যাথি হোকল এবং এই তহবিলকে সম্ভব করা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য উইল বার্কলে বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে ব্রিউয়ারটন হ্যামলেটসহ সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহে এই বিনিয়োগসমূহ অর্থনৈতিক প্রবৃদ্ধি ধারণ করতে এবং দীর্ঘস্থায়ী ইতিবাচক পরিবর্তন তৈরি করতে স্টেটের প্রতিশ্রুতির উপর আলোকপাত করে। এই অবদান ক্ষুদ্রতর আপস্টেট স্থানীয় এলাকার রূপান্তরের জন্য অত্যাবশ্যকীয়, এটি পুনর্গঠন এবং আরো অনেক কিছুকে বলীয়ান করে। রূপান্তরমূলক এই প্রয়াসে গতিদান করার জন্য কাজ করা সকলকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং আমাদের স্থানীয় সম্প্রদায়ের উপর এই বিনিয়োগসমূহ যেই প্রভাব ফেলবে তা দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

অ্যাসেম্বলি সদস্য জেফ গ্যালাহান বলেন, "ক্যাইয়ুগা, অরোরা এবং ইউনিয়ন স্প্রিংস ডাউনটাউন পুনরুজ্জীবন অর্থ পাওয়ার জন্য অত্যধিক যোগ্য। একত্রে তারা নিজেদেরকে বাণিজ্যিক কর্মকাণ্ড, বিনোদন, ও পর্যটনের একটি আঞ্চলিক কেন্দ্র হিসেবে স্থাপন করতে পারবে। এই তহবিলটি তিনটি গ্রামকে সেই ব্যবস্থা প্রদান করবে যা তাদের সম্প্রদায়ের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করতে তাদের প্রয়োজন, এবং একই সাথে নিজেদের ইতিহাসকে বরণ করে নিবে। এই অর্থ পাওয়ার জন্য সফল এই প্রয়াসে তাদের ভিশনের জন্য আমি স্থানীয় নেতৃবৃন্দের দলের

প্রশংসা করছি এবং এইসব সম্প্রদায়ের একটি উজ্জ্বল ভবিষ্যতের জন্য যেই কাজ বাকি রয়েছে তা হতে দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

সিসেরো টাউনের সুপারভাইজার মাইক অ্যারেগানো বলেন, "দুইটি টাউন হিসেবে ঐক্যবদ্ধ, কিন্তু একটি সম্প্রদায় দ্বারা বন্ধনে আবদ্ধ সিসেরো এবং হ্যাস্টিংস টাউন আমাদের ওয়াটারফ্রন্ট সম্প্রদায়ে নতুন প্রাণ সঞ্চার করার জন্য প্রস্তুত আছে। একত্রে আমরা এমন একটি স্বাগত আশ্রয় তৈরি করতে চাই যাকে নিজের বাড়ি বলতে পেরে সকল ব্যক্তিই গর্বিত হবে।"

ক্যাইয়ুগার মেয়র ডন উইলসন জুনিয়র বলেন, "ক্যাইয়ুগা গ্রামের জন্য এটি সর্বোত্তম সুযোগগুলির একটি। বিনিয়োগটি সম্পূর্ণভাবেই এই গ্রামের পরিশ্রমী মধ্যবিত্ত শ্রেণীর মানুষ প্রাপ্য, এবং আমরা এই সুযোগটি বৃথা যেতে দিবো না।"

ইউনিয়ন স্প্রিংসের মেয়র রবার্ট থার্স্টন জুনিয়র বলেন, "ইউনিয়ন স্প্রিংস গ্রামটি গভর্নর ক্যাথি হোকলের প্রতি এর কৃতজ্ঞতা ও প্রশংসা প্রকাশ করতে চায়।আজকের দিনটি এমন একটি মুহূর্ত যা আমাদের সম্প্রদায় কখনো ভুলতে পারবে না এবং আমাদের উপর এবং সেই সাথে আমাদের প্রতিবেশী, ক্যাইয়ুগা ও অরোরা গ্রামের উপর এর দীর্ঘস্থায়ী প্রভাব থাকবে।কর্মসূচিটি ইউনিয়ন স্প্রিংস গ্রামকে এবং সেই সাথে এর বাসিন্দা, ব্যবসা এবং অংশীদারদের ডাউনটাউন জেলায় বিনিয়োগ করার এবং এটির বিকাশে আরো সাহায্য করার সুযোগ প্রদান করবে। প্রবৃদ্ধির প্রতি গ্রামের প্রতিশ্রুতি এবং আমরা যেই ধারাবাহিক সমর্থন লাভ করেছি তার জন্য আমরা গর্বিত, এই দুর্দান্ত উপলক্ষের জন্য আমরা ঠিক এই পরিকল্পনাই করেছিলাম।একটি সম্প্রদায় হিসেবে কাজ শুরু করতে এবং আমাদের সম্প্রদায়সমূহের স্বপ্নকে বাস্তবে পরিণত করার জন্য আমরা উৎসুক এবং প্রস্তুত।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Central New York Regional Economic Development Council, CNYEDC) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তাবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং লেক জর্জকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের নির্ণায়কগুলি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি

প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্প শনাক্ত করেছে যা DRI বা নিউ ইয়র্ক ফরোয়ার্ড তহবিল লাভ করলে অল্প সময়ে বাস্তবায়নের জন্য প্রস্তুত হবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

কর্মসূচির প্রথম ছয় বছরে, পুনরুজ্জীবনের জন্য পরিপক্ক এবং পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং বৃহত্তর অর্থনৈতিক এবং আবাসন বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনাসম্পন্ন 69টি ডাউনটাউনের জন্য স্টেট 700 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি প্রদান করেছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। DRI সম্পর্কে তথ্য এখানে পাওয়া যাবে।

NY ফরওয়ার্ড কর্মসূচি সম্পর্কে

NY ফরওয়ার্ড স্টেটের অর্থনৈতিক উন্নয়ন নীতিমালার একটি কেন্দ্রীয় উপাদান। কর্মসূচিটি পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে যাতে আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে। উভয় কর্মসূচি স্টেটের প্রত্যেক অঞ্চলে এমন অতি গুরুত্বপূর্ণ কিছু প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশ, জীবনযাত্রার মান এবং আর্থসামাজিক বৈচিত্র্য উন্নত করছে।

তহবিল পাওয়ার পর, নিউ ইয়র্ক ফরোয়ার্ড কমিউনিটিসমূহ রূপান্তরমূলক, সম্পূরক এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত প্রকল্পের একটি তালিকাসহ একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা গঠন

করতে একজন পেশাদার পরিকল্পনা উপদেষ্টা এবং স্টেট এজেন্সি অভিজ্ঞদের একটি দল কর্তৃক সমর্থিত হয় যাদের নেতৃত্বে থাকবে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State, DOS)। NY ফরোয়ার্ড প্রকল্পসমূহ প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ মাত্রার হয়ে থাকে; প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত পাবলিক স্পেস নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং এইসব মিউনিসিপ্যালিটির পরিচিতি যে ছোট শহরের চারুতা তাকে সংজ্ঞায়িত ও অনন্য করে রাখা বিশেষ সাংস্কৃতিক এবং ঐতিহাসিক গুণকে বৃদ্ধি করার অন্যান্য প্রকল্প।

এসব কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা এবং প্রকল্প একটি স্থানীয় পরিকল্পনা কমিটির মধ্য দিয়ে যায়, যেটি ব্যাপক পরিসরে কমিউনিটিতে প্রচার-প্রসার ও সম্পৃক্ততার কাজ করে থাকে। ডিপার্টমেন্ট অফ স্টেট এছাড়াও কর্মী, বিশেষজ্ঞ এবং DRI সম্প্রদায়সমূহের পিয়ারদের নিয়ে বিস্তৃত কারিগরি সহায়তা এবং ধারণক্ষমতা গঠনের ওয়েবিনার প্রদান করে, যার লক্ষ্য হলো বৃহত্তর, অপেক্ষাকৃত বেশি শহুরে সম্প্রদায়ের তুলনায় কর্মসংস্থান ও সক্ষমতাসহ সম্প্রদায়সমূহকে সমর্থন করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন